

ভৌগোলিক অবস্থান

পঞ্চগড় জেলার আয়তন প্রায় ১,৪০৪.৬২ বর্গ কি.মি. বা ৫৪২.৩৩ বর্গমাইল।^[১] বাংলাদেশের সর্বোত্তরের জেলা পঞ্চগড়ের স্থানাঙ্ক প্রায় [২৬.২৫° উত্তর ৮৮.৫০° পূর্ব](#)। পঞ্চগড় জেলার উত্তরে [ভারতের পশ্চিমবঙ্গ](#) রাজ্যের [দার্জিলিং জেলা](#), উত্তর-পশ্চিমে [জলপাইগুড়ি জেলা](#) ও [কোচবিহার জেলা](#), দক্ষিণে [ঠাকুরগাঁও জেলা](#) ও [দিনাজপুর জেলা](#), পশ্চিমে [ভারতের উত্তর দিনাজপুর জেলা](#) এবং পূর্বে [নীলফামারী জেলা](#) অবস্থিত।^[৩] ১৯৪৭ সালে [ভারত বিভাগের](#) জন্য স্যার সিরিল রেডক্লিফের নির্ধারিত সীমানা অনুযায়ী পঞ্চগড় জেলার তিনদিকে প্রায় ১৮০ মাইল বা ২৮৮ কি.মি. জুড়ে ভারতের সীমান্ত অবস্থিত।^[৩]

ইউনিয়ন

[অমরখানা ইউনিয়ন](#), [হাফিজাবাদ ইউনিয়ন](#), [পঞ্চগড় সদর ইউনিয়ন](#), [কামাত কাজলদিঘী ইউনিয়ন](#), [চাকলাহাট ইউনিয়ন](#), [সাতমেরা ইউনিয়ন](#), [হাড়িভাসা ইউনিয়ন](#), [ধাক্কামারা ইউনিয়ন](#), [মাগুরা ইউনিয়ন](#), [গরিণাবাড়ী ইউনিয়ন](#)।

আয়তন

• মোট ৩৪৭.০৮ বর্গকিমি (১৩৪.০১ বর্গমাইল)

জনসংখ্যা (২০২১)^[১]

• মোট ১১,৭৯,৮৪৩

• জনঘনত্ব ৮৮০/বর্গকিমি

সাক্ষরতার হার

• মোট ৭৩.৫৯%

[সময় অঞ্চল](#) [বিএসটি \(ইউটিসি+৬\)](#)

দর্শনীয় স্থান

ক্রমিক নাম	কিভাবে যাওয়া যায়	অবস্থান
১ মির্জাপুর শাহী মসজিদ	রাজধানী ঢাকা হতে ডে/নাইট কোচ যোগে সরাসরি আটোয়ারী উপজেলা বাস স্ট্যান্ড। আটোয়ারী থেকে বাসযোগে মির্জাপুর ৬ কিলোমিটার। মির্জাপুর হতে পূর্বদিকে রিক্সা/ভ্যানযোগে ১কিলোমিটার মির্জাপুর শাহী মসজিদ। রাজধানী ঢাকা'র কমলাপুর রেল স্টেশন হতে সরাসরি দিনাজপুর স্টেশন। অতঃপর দিনাজপুর হতে কিসমত (আটোয়ারী) রেল স্টেশন হয়ে বাস/রিক্সা/ভ্যানযোগে ৬কিলোমিটার আটোয়ারী উপজেলা। আটোয়ারী থেকে বাসযোগে মির্জাপুর ৬ কিলোমিটার। মির্জাপুর হতে পূর্বদিকে রিক্সা/ভ্যানযোগে ১ কিলোমিটার মির্জাপুর শাহী মসজিদ।	
২ মহারাজার দিঘী	পঞ্চগড় কেন্দ্রীয় বাস টার্মিনাল হতে তেঁতুলিয়াগামী বাসযোগে বোর্ড অফিস	

ক্রমিক নাম	কিভাবে যাওয়া যায়	অবস্থান
	নামক স্থান হয়ে রিক্সা/ভ্যান যোগে পূর্বদিকে ০৫ কিলোমিটার।	
৩	রকস্ মিউজিয়াম	পঞ্চগড় কেন্দ্রীয় বাস টার্মিনাল থেকে রিক্সাযোগে পঞ্চগড় সরকারী মহিলা কলেজ। পঞ্চগড় সরকারী মহিলা কলেজে রকস্ মিউজিয়ামটি অবস্থিত।
৪	ভিতরগড় দুর্গনগরী	পঞ্চগড় কেন্দ্রীয় বাস টার্মিনাল হতে তেঁতুলিয়াগামী বাসযোগে বোর্ড অফিস নামক স্থান হয়ে রিক্সা/ভ্যান যোগে পূর্বদিকে ০৫ কিলোমিটার।
৫	বাংলাবান্ধা জিরো পয়েন্ট	ঢাকা থেকে পঞ্চগড়গামী পরিবহনে পঞ্চগড় এসে পঞ্চগড় থেকে লোকার বাস, প্রাইভেট বা মাইক্রো ভাড়া করে ৫৫ কি. মি. দূরত্ব অতিক্রম করে বাংলাবান্ধা যাবার পর এই জিরো পয়েন্টটি দর্শন করা যাবে।
৬	ভিতরগড়	পঞ্চগড় সদর উপজেলা হতে ১৫ কি.মি অতিক্রম করার পর ১ নং অমরখানা ইউনিয়নে এই ভিতরগড় এর অবস্থান। ভারতের সীমান্ত সংলগ্ন এই ভিতরগড়।
৭	মিরগড়	পঞ্চগড় সদর উপজেলা হতে ৫ কি. মি. দক্ষিণে ধাক্কা মারা ইউনিয়নে অবস্থিত।
৮	পঞ্চগড় এর এশিয়ান হাইওয়ে	পঞ্চগড় থেকে তেঁতুলিয়া পর্যন্ত প্রায় ৫৫ কি.মি. এশিয়ান হাইওয়ে নান্দনিক সৌন্দর্যে ভরা।
৯	রকস মিউজিয়াম	পঞ্চগড় সদর উপজেলার মহিলা কলেজ সংলগ্ন।
১০	গোলকধাম মন্দির	গোলকধাম মন্দিরটি পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলার শালডাংগা ইউনিয়নের শালডাংগা গ্রামে অবস্থিত। মন্দিরটি ১৮৪৬ সালে নির্মিত হয়। দেবীগঞ্জ উপজেলা সদর হতে প্রায় ১২ কিঃ মিঃ হতে উত্তর পশ্চিমে মন্দিরটি অবস্থিত।
১১	তেঁতুলিয়া ডাক- বাংলা	পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলা সদরে অবস্থিত। পঞ্চগড় সদর উপজেলা হতে ৫৫ কি.মি. সড়কপথে তেঁতুলিয়া সদর উপজেলার মহানন্দা নদীর পাড় ঘেষে এই ডাকবাংলো অবস্থিত।
১২	মহারাজার দিঘী	পঞ্চগড় শহর থেকে প্রায় ১৫ কিলোমিটার উত্তরে পঞ্চগড় সদর উপজেলাধীন অমরখানা ইউনিয়নে অবস্থিত।
১৩	বারো আউলিয়ার মাজার, আটোয়ারী, পঞ্চগড়	পঞ্চগড় বাস/ ট্রেন স্টেশন থেকে বাস যোগে মির্জাপুর ইউনিয়ন অবস্থিত বারো আউলিয়ার মাজারে যাওয়া যাবে।